ইত্তেফাক

তারিখ 26/2/79
পৃষ্ঠা ........ কলাম ......

54

# মোগলাই খানায় টমেটোর মর্যাদা

নয়াদিল্লী, ২৫শে ফেব্রুয়ারী (বাসস)— মোগলাই খানায় টমেটোর মর্যদা সম্পর্কে জোর বিতণ্ডা সৃষ্টি হইয়াছে। টমেটো কি মোগলাই খানার মৌল উপাদান? মোগলাই খানার রসিক সমঝদারদের তাই বিশ্বাস। কিন্তু আধুনিক রন্ধন শিল্পীরা ভিন্ন মত পোষণ করেন। তাঁদের মতে, বিশ শতকেই টমেটো মোগলাই খানায় অনুপ্রবেশ করিয়াছে। লক্ষ্ণৌর খানা বিশারদদের মতে, আদিতে মোগল দস্তরখানে টমেটো ব্যবহারের কোন হদিস পাওয়া যায় না।